

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-১ অধিশাখা।
www.lgd.gov.bd



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১২.০০২.১৭(অংশ-১)-১৬২৯

তারিখঃ ২৪ বৈশাখ ১৪২৭
০৭ মে ২০২০

বিষয়ঃ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের কাজ সম্পাদনের জন্য অনুসরণীয় নির্দেশনা।

সূত্রঃ জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং- ০৫.০০.০০০০.১৭৩.০৮.০১৪.০৭-১৩৫, তারিখ: ০৪ মে ২০২০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের কাজ সম্পাদনের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

- ০১) প্রকল্প এলাকায় করোনা ভাইরাস (কভিড-১৯) বিষয়ক স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত নির্দেশনা সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- ০২) স্বাস্থ্য বিধি অনুসরণ ও সামাজিক দূরত্ব রক্ষা করে প্রকল্পের কাজ সম্পাদন করতে হবে। প্রকল্প কাজে যে সকল শ্রমিক কাজ করবে তারা শারীরিকভাবে সুস্থ কি-না তা নির্ণয়ের জন্য থার্মাল স্ক্যানারের মাধ্যমে তাদের শরীরের তাপমাত্রা পরীক্ষা করতে হবে;
- ০৩) ট্রাকে করে নির্মাণ সামগ্রী পরিবহন/সরবরাহের সময় ট্রাকের সামনে ব্যানারে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন সুনির্দিষ্ট প্রকল্পের নাম উল্লেখ থাকতে হবে;
- ০৪) প্রকল্প কাজ সম্পাদনের জন্য শ্রমিকদের নির্দিষ্ট পোশাক পরিধান করতে হবে এবং প্রয়োজ্য ক্ষেত্রে মাস্ক, হ্যান্ডগ্লোভস্, গামবুট, হেলমেট ব্যবহার করতে হবে;
- ০৫) প্রকল্প এলাকায় নির্মাণ শ্রমিকদের জন্য সাবান পানি দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা থাকতে হবে। প্রয়োজনে হ্যান্ড স্যানিটাইজার সরবরাহ করতে হবে;
- ০৬) চলমান প্রকল্প এলাকায় কার্যক্রম চলাকালীন কাজের বিবরণ সম্বলিত সাইনবোর্ড স্থাপন করতে হবে;
- ০৭) প্রকল্প কাজে নির্মাণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি ব্যবহারের ক্ষেত্রে স্বাস্থ্য সুরক্ষার বিষয়টি নিশ্চিত করতে হবে;
- ০৮) প্রকল্প কাজে নিয়োজিত নির্মাণ শ্রমিকদের স্বাস্থ্য বিধি অনুসরণপূর্বক সামাজিক দূরত্ব বজায় রেখে নির্ধারিত নির্মাণ শেডে অবস্থান করতে হবে;
- ০৯) পাথর, সিমেন্ট বা অন্যান্য নির্মাণ সামগ্রী এক জেলা হতে অন্য জেলায় পরিবহনের প্রয়োজন হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অবহিত করতে হবে;
- ১০) প্রয়োজ্য ক্ষেত্রে প্রকল্পের কাজ চালানোর জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের অনুমতি গ্রহণ করতে হবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য-

১৯

১১) উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে কিনা তা মাঠ পর্যায়ে তদারকির জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর একটি কমিটি গঠন করবে। কমিটি প্রতি মাসে স্থানীয় সরকার বিভাগ বরাবর প্রতিবেদন দাখিল করবে।

১২) ঈদ-উল-ফিতরের সরকারি ছুটিতে সকল কর্মকর্তা-কর্মচারীকে তার স্ব-স্ব কর্মস্থলে অবস্থান করতে হবে।

১০/০৫/২০২০

মো: খাইরুল ইসলাম
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৫৫৬২

প্রধান প্রকৌশলী
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
কাকরাইল, ঢাকা।

স্মারক নং-৪৬.০০.০০০০.০৮৩.১২.০০২.১৭(অংশ-১)- ১৬২৯/০১(০৮)

তারিখঃ ২৪ বৈশাখ ১৪২৭
০৭ মে ২০২০

অনুলিপিঃ (সদয় অবগতির জন্য)

১. অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
২. বিভাগীয় কমিশনার (সকল), বিভাগ।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৪. জেলা প্রশাসক (সকল), জেলা।
৫. উপসচিব, বিধি-৪ শাখা, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
৭. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ।
৮. অফিস কপি।

১০/০৫/২০২০

মো: খাইরুল ইসলাম
যুগ্মসচিব